

## Guidance Note – Ad hoc Food Distribution – Bangla

খাদ্য নিরাপত্তা সেক্টর (এফএসএস) কক্সবাজার জেলার খাদ্য সহায়তাকারী সমস্ত সংগঠনের খাদ্য সহায়তা কার্যক্রম সমন্বয় করে।

এই নোট এর মাধ্যমে প্রায়শই ধর্মীয় অনুষ্ঠানগুলিতে (যেমনঃ ইদ, রমজান) এডহক খাদ্য বিতরণের ব্যাপারে কতিপয় সুপারিশ প্রদান করা হল।

সদ্যাব ও সমন্বিত খাদ্য সহায়তা নিশ্চিত করার জন্য, স্থানীয় কর্তৃপক্ষের (সিআইসি, ইত্যাদি) অনুমোদনের আগে সমস্ত সংগঠনের/অংশীদারদের খাদ্য সহায়তা কর্মসূচীসমূহ এফএসএস এর মাধ্যমে সমন্বয় করার জন্য অনুরোধ করা হল।

### মূল সুপারিশসমূহ

- **অপারেশনাল সমন্বয়:** সমন্বয় সহায়তার লক্ষ্যে, অংশীদারদের অনুরোধ করা হচ্ছে কোনও ব্লক বা সাব-ব্লককে নির্ধারিত না করে খাবার বিতরণ করার সময় পুরো ক্যাম্পটি নির্ধারণ করে বিতরণ করার জন্য।
- **পরিপূরক:**
  - **রোহিঙ্গা শরণার্থী:** ডাব্লিউএফপি এবং এর সহযোগী অংশীদারদের দ্বারা প্রতি মাসে সমস্ত পরিবারকে সাধারণ খাদ্য সহায়তা (জিএফএ) সরবরাহ করছে। অ্যাডহক খাদ্য বিতরণে ডায়েটারির বৈচিত্র্য বাড়াতে এবং খাদ্য আইটেমগুলির পুনরায় বিক্রয় এড়াতে জিএফএ খাদ্য তালিকার আইটেমগুলির পরিপূরক করা উচিত। আপনার কাছে জিএফএ এর মাধ্যমে সরবরাহকৃত খাবারের সর্বশেষ তালিকা না থাকলে এফএসএসের সাথে যোগাযোগ করুন ([coxsbazar.fss@wfp.org](mailto:coxsbazar.fss@wfp.org))
  - **স্থানীয় জনগোষ্ঠী:** জিওবি সামাজিক সুরক্ষা জালের মাধ্যমে সরবরাহ করা খাদ্য আইটেমগুলির পরিপূরকতা নিশ্চিত করতে ইউএনও অফিসগুলির সাথে সমন্বয় সাধন করা।
- **কভিড-১৯:** উপকারভোগীদের সুরক্ষা নিশ্চিত করতে COVID-19 আন্তঃ সেক্টর এর সুপারিশ সমূহ মেনে চলুন।
- **পুষ্টি:** শিশুদের খাওয়ানোর অভ্যাসে নেতিবাচক প্রভাব এড়াতে এবং শিশুর রোগব্যাধি ও মৃত্যুহার হ্রাসে অবদান রাখতে, বুকের দুধের বিকল্পগুলি (যেমন, শিশুদের জন্য প্রযোজ্য ফর্মুলা, গুঁড়ো দুধ, শিশুর খাবার) ইউএনএইচসিআর এবং ডাব্লিউএফপি নীতি অনুসারে নিষিদ্ধ – [UNHCR](#) and [WFP](#) policy
- **খাদ্য সুরক্ষা:** দূষণের ঝুঁকি কমাতে কাঁচা এবং প্রস্তুতকৃত খাবার এড়ানো এবং নিরাপদ তাপমাত্রায় খাবার রাখুন।
- **স্বাস্থ্যবিধি:** খাবারের আগে এবং ধরার আগে হাত ধুয়ে নিন। খাদ্য সরবরাহের জন্য ব্যবহৃত সমস্ত জায়গা এবং সরঞ্জাম সমূহ ধুয়ে ফেলুন এবং স্যানিটাইজ করুন, কীটপতঙ্গ এবং অন্যান্য প্রাণী থেকে খাদ্য সামগ্রী সুরক্ষিত রাখুন।
- **স্থানীয়করণ:** স্থানীয় কমিউনিটির সুফল বাড়াতে সবসময় প্রথমেই স্থানীয়ভাবে উত্পাদিত খাবারের প্রাপ্যতা বিবেচনা করুন।

- **সংস্কৃতি এবং অভ্যাস:** বিতরণের সময় জনসাধারণের অভ্যাস এবং সংস্কৃতির বিষয়সমূহ বিবেচনা করুন।
- **স্বাস্থ্য:** লবণ, চিনি, রাসায়নিক উপাদানসমূহের (উদাঃ সস) ব্যবহার সর্বনিম্ন পর্যায়ে রাখুন এবং প্রক্রিয়াজাতকৃত খাবারের উচ্চ প্রিজারভেটিভ পরিহার করুন।
- **বর্জ্য:** প্লাস্টিক এবং অন্যান্য উচ্চ-দূষণকারী উপকরণগুলির ব্যবহার কমিয়ে আনুন, সম্ভব হলে পুনঃব্যবহার্য এবং কম্পোস্ট জৈব বর্জ্য ব্যবহারযোগ্য উপকরণ ব্যবহার করুন।
- **শ্রম:** জেল্ডার মানদণ্ড সমূহ মেনে চলুন এবং শিশুশ্রম হতে বিরত থাকুন।

### তথ্য শেয়ারিং

অ্যাডহক খাদ্য বিতরণের জন্য পরিকল্পনাকারী অংশীদারদের পরিকল্পনা ম্যাট্রিক্স পূরণ করে এফএসএসকে জমা দেয়ার ([coxsbazar.fss@wfp.org](mailto:coxsbazar.fss@wfp.org)) অনুরোধ করা হচ্ছে। এর ফলে এফএসএস উল্লেখিত এলাকাগুলি চিহ্নিত করতে এবং সেই অনুসারে অংশীদারদের সহযোগীতা করতে সচেষ্ট থাকবে। [Forecast Matrix](#)